

গড়বেতা কলেজে রাজ্যস্তরীয় কর্মশালা

পত্রিকা প্রতিনিধি : গড়বেতা কলেজের রিসার্চ সাবকমিটি এবং ইন্সটেলেকচুয়াল প্রপার্টি রাইটস সেল (আই পি আর) এর উদ্যোগে রাজ্যস্তরীয় এক দিবসের কর্মশালা অনুষ্ঠিত হয়ে গেল। ২৬ জুলাই ওই কর্মশালায় স্বাগত ভাষণ প্রদান করে গড়বেতা কলেজের অধ্যক্ষ তথা কর্মশালার সভাপতি ড. হরিপ্রসাদ সরকার বলেন, এই কর্মশালার উদ্দেশ্য ন্যাশনাল এডুকেশন পলিসি (২০২০) সম্পর্কে অবগত হওয়া। সমগ্র শিক্ষাজগতে এই জাতীয় শিক্ষানীতি প্রয়োগের ফলে যে পরিবর্তনগুলি আসতে চলেছে, সে সম্পর্কে শিক্ষাবর্ষ শুরুর আগেই অবহিত হওয়া একান্ত জরুরি বলে তিনি মন্তব্য করেন। কর্মশালার প্রধান বক্তা ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের কেমিস্ট্রি এন্ড ক্যামিক্যাল টেকনোলজি বিভাগের প্রফেসর ড. অমিয় কুমার পন্ডা। তিনি সাধু রামচাঁদ মুখুইউনিভার্সিটি ইন ঝাড়গ্রাম এর প্রাক্তন উপাচার্য। ড. পণ্ডা অত্যন্ত প্রাঞ্জল ভাবে বাংলা ভাষায় জাতীয় শিক্ষানীতি (২০২০) -র বিভিন্ন দিকগুলি সকলের সামনে তুলে ধরেন। তিনি জাতীয় শিক্ষানীতি প্রয়োগের ফলে একেবারে প্রাথমিক শিক্ষা জগত থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত যে যে পরিবর্তনগুলি আসতে চলেছে তার প্রতিটি ধাপের কথা উল্লেখ করেন। কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের



দৈনন্দিন শ্রেণিকক্ষের রুটিনে যে কি বিপুল পরিমাণে পরিবর্তন আনতে হবে, সেই বিষয়ে উপস্থিত সকলকে সতর্ক করে দেন। জাতীয় শিক্ষানীতি (২০২০)র সন্ধাননা, প্রয়োগ এবং ভারতবর্ষের মত বৈচিত্রময় দেশে এই শিক্ষানীতি প্রযুক্ত হওয়া সত্যিই উপযোগী কিনা সে বিষয়ে আলোকপাত করেন। কর্মশালায় প্রদ্বোত্তর পর্বটি চমৎকার এবং প্রাণবন্ত ছিল। কর্মশালায় গড়বেতা কলেজের অধ্যাপক, লাইব্রেরিয়ান, শিক্ষাকর্মী ছাড়াও পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, লাইব্রেরিয়ান, স্কুল শিক্ষকরাও উপস্থিত ছিলেন। কর্মশালার শেষে বাণিজ্য বিভাগের

সহযোগী অধ্যাপক তথা গড়বেতা কলেজের পরিচালন সমিতির সদস্য ড. শান্তিময় পাত্র ধন্যবাদ জ্ঞাপন করেন। সমগ্র কর্মশালার সঞ্চালনা করেন রিসার্চ সাবকমিটি এবং আইপিআর সেলের জয়েন্ট কনভেনর তথা বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. রীতা শীল। কর্মশালায় উপস্থিত ছিলেন কলেজের আইকিউএসি কোর্ডিনেটর ড. সূশীল কুমার ঘোষ সহ গড়বেতা কলেজের টিচার্স কউন্সিলের সেক্রেটারি ড. সাজেদ বিশ্বাস। সমগ্র কর্মশালাটি সুসম্পন্ন করতে রিসার্চ সাবকমিটি এবং আই পি আর সেলের প্রত্যেক সদস্য সদর্থক ভূমিকা পালন করেন।